

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 28-01-2026**

**Time: 07:35-07:40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**The Budget Session of Parliament to begin today :**

রাষ্ট্রপতি দ্রোপদী মুরুর উভয় কক্ষের যৌথ অধিবেশনে ভাষণের মাধ্যমে আজ সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে। আগামীকাল অর্থনৈতিক সমীক্ষা পেশ করা হবে এবং বাজেট পেশ করা হবে ১লা ফেব্রুয়ারি, রবিবার। বাজেট অধিবেশনের প্রথম পর্ব আজ থেকে আগামী মাসের ১৩ তারিখ পর্যন্ত এবং দ্বিতীয় পর্ব ৯ ই মার্চ থেকে ২রা এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে। বাজেট অধিবেশন চলাকালীন সময়ে ৩০টি অধিবেশন অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, সংসদের বাজেট অধিবেশনের আগে গতকাল সংসদ ভবন চতুরে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংহের সভাপতিষ্ঠে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**PM to address -NCC PM Rally:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নয়াদিল্লির কারিয়াপ্পা প্যারেড গ্রাউন্ডে বার্ষিক এনসিসি পিএম রায়লিতে ভাষণ দেবেন। এবারের রায়লির মূল বিষয় হলো ‘রাষ্ট্র প্রথম - কর্তব্যনির্ণয় যুবা’। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, এই রায়লিটি ভারতের তরুণদের মধ্যে কর্তব্যবোধ, শৃঙ্খলা এবং জাতীয় প্রতিশ্রুতির প্রতিফলন ঘটায়। এনসিসি পিএম রায়লিটি মাসব্যাপ্তি এনসিসি প্রজাতন্ত্র দিবস ক্যান্প ২০২৬-এর জমকালো সমাপ্তি

ঘোষণা করবে। এতে দেশজুড়ে দুই হাজার ৪০৬ জন এনসিসি ক্যাডেট অংশগ্রহণ করেছেন, যার মধ্যে ৮৯৮ জন পাত্রী ক্যাডেট।

এই র্যালিতে ২১টি দেশের ২০৭ জন যুব প্রতিনিধি অংশগ্রহণ করবেন। এই উপলক্ষে এনসিসি ক্যাডেট, রাষ্ট্রীয় রঞ্চালা এবং জাতীয় সেবা প্রকল্পের সদস্যরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।

\*\*\*\*\*

### **CM-MTB HS School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ মহারাণী তুলসিবতী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রেক্ষাগৃহ থেকে সরকারী স্কুলগুলির জন্য ২১০ টি পার্সনালাইজড অ্যাডাপ্টিভ লার্নিং ল্যাবের সূচনা করবেন। উল্লেখ্য, স্কুলে AI পরিচালিত সফটওয়ার সমৃদ্ধ ট্যাব এবং ল্যাপটপ সহ বিভিন্ন অত্যাধুনিক সামগ্রীতে পড়ুয়াদের অনন্য চাহিদা পূর্তির মাধ্যমে শক্তি ও দুর্বলতা যাচাই করে পড়া এবং শেখার ক্ষেত্রে ত্রুটি দূর করার প্রয়াসেই এই ল্যাব চালু হতে চালে।

\*\*\*\*\*

### **India-EU FTA :**

ভারত ও ইউরোপীয় ইউনিয়ন ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) বিনিময় করে। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আল্ট্রোনিও কস্ত্রা এবং ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লেয়েনের মধ্যে গতকালের ভারত-ইউ শীর্ষ বৈঠকের পর এই চুক্তি সম্পন্ন হয়। উভয় পক্ষের বর্ণনা অনুযায়ী "সব বাণিজ্য চুক্তির জননী" এই চুক্তি বস্ত্র ও পাদুকাশিল্পসহ ভারতের শ্রম-নিবিড় পণ্যগুলোর জন্য ইউরোপীয় বাজার উন্মুক্ত করবে। একই সঙ্গে, শুল্ক হ্রাসের মাধ্যমে ভারতে আমদানি করা বেশ কয়েকটি ইউরোপীয় পণ্যের দাম কমে

যাবে। আলোচনার পর দুই ইউরোপীয় নেতার সাথে এক যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, ভারত এবং ২৭-জাতি ইউরোপীয় ইউনিয়নের মধ্যে এই বৃহত্তম মুক্ত বাণিজ চুক্তি স্বাক্ষরের ফলে অর্থনৈতিক সম্পর্ক আরও গভীর হবে, কর্মসংস্থান সৃষ্টি হবে, দুই পক্ষের অংশীদারিষ্ঠ আরও শক্তিশালী হবে।

\*\*\*\*\*

### **E-AUCTION :**

কেন্দ্রীয় সরকার ত্রিপুরা, উত্তরপ্রদেশ, বিহার, আন্দামান-নিকোবর দ্বীপপুঁজির পোর্ট লেয়ারের ৩২টি শক্ত সম্পত্তি ই-নিলামের মাধ্যমে বিক্রির উদ্যোগ নিয়েছে। আজ কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রায়ত্ব সংস্থা এম.এস.টি.সি.'র প্ল্যাটফর্মে এই ই-নিলাম অনুষ্ঠিত হবে। ত্রিপুরার ক্ষেত্রে পশ্চিম জেলায় উত্তর চাম্পামুড়া, বৃক্ষিনগর ও জয়নগরে ই-নিলামের সম্পত্তি রয়েছে বলে গতকাল জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রকের অধিকর্তা ডি. সত্যনারায়ণ নায়ার।

\*\*\*\*\*

### **Rajib Bhattacharya :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আগরতলা পুর নিগমের পূর্ব জোনের অন্তর্গত ধলেশ্বর দেবেন্দ্র রোডে গতকাল প্রায় ৫৮ লক্ষ টাকা ব্যয়ে পার্ক নির্মাণের ভূমিপূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উপস্থিত প্লিনে আগরতলার পুরমেয়ের, বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। সাংসদ শ্রী ভট্টাচার্য বলেন, এই উদ্যোগ স্থানীয় জনগণের পাশাপাশি শিশুদের জন্য নিরাপদ খেলাধূলা ও আনন্দের একটি সুন্দর পরিসর গড়ে তুলবে। তিনি বলেন, কেন্দ্রীয় এবং রাজ্য সরকার উভয়ই জনগণের কল্যাণের জন্য কাজ করবে।

\*\*\*\*\*

### **Bank Strike :**

সপ্তাহে পাঁচদিন কাজের দাবিতে ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়নসের ডাকে গতকাল রাজ্যেও ধর্মঘট পালন করেন রাষ্ট্রায়ত্ব ব্যক্তের কর্মচারীরা। ইউনাইটেড ফোরাম অব ব্যাঙ্ক ইউনিয়নস-এর অন্তর্ভুক্ত নয়টি ইউনিয়ন ও অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ২৬শে জানুয়ারি মধ্যরাত থেকে গতকাল মধ্যরাত পর্যন্ত দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা অনুযায়ী ব্যাঙ্কিং ক্ষেত্রে পাঁচ দিনের কর্মসপ্তাহ চালু করা এবং বাকি শনিবারগুলিকে ব্যাঙ্ক পুটি ঘোষণা-সহ একাধিক দাবিতে এই ধর্মঘট ডাকা হয়েছে। ব্যাঙ্ক ধর্মঘট চললেও এটিএম এবং অনলাইন ব্যাঙ্কিং পরিসেবা চালু প্লি।

\*\*\*\*\*

### **CRPF :**

সিআরপিএফের ১২৪ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে পশ্চিম জেলার হেজমারার কামুড়া এসবি স্কুল মাঠে গতকাল সিভিক অ্যাকশন অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের হাতে শিক্ষামূলক সামগ্রী সহ খেলাধুলার সামগ্রী দেওয়া হয়। সিআরপিএফের কমান্ডেন্ট রবিশ কুমার বলেন, শান্তি শৃঙ্খলা রক্ষার পাশাপাশি সামাজিক দায়িত্ব হিসেবে এলাকার জনগণের সাংস্কৃতিক, মানসিক এবং দৈহিক বিকাশে বাহিনী বিশেষ ভূমিকা রাখে।

\*\*\*\*\*

### **Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ প্রধানত পরিস্কার থাকবে। ভোরের দিকে হালকা কুয়াশা প্লি। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা প্লি ১১.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

